

## স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর

ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ, রাজশাহী।

### মেডিকেল শিক্ষার্থীর শপথ

ইসলামী ব্যাংক মেডিকেল কলেজের শিক্ষার্থী

এবং আগামী দিনের চিকিৎসক হিসাবে,

আমি এই মর্মে শপথ করিতেছি যে, কোনোরূপ লোভ, কার্পণ্য কিংবা যশের বশবর্তী না হইয়া চিকিৎসা শাস্ত্রের সর্বোচ্চ আচরণ বিধি অনুসরণে রোগীর জন্য যাহা উত্তম বলিয়া বিবেচিত হইবে তাহা নিশ্চিত করিয়া আমি চিকিৎসা সেবায় নিয়োজিত থাকিব।

আমি নিজের ও সহকর্মীদের ন্যায়পরায়ণতা, সততা, সমবেদনা, সাহসিকতা, শ্রদ্ধা, ত্যাগ ইত্যাদি গুণের বিকাশ ঘটাইতে সচেষ্ট থাকিব।

আমি আমার শিক্ষক ও পরামর্শকদের জ্ঞান, প্রজ্ঞা ও অভিজ্ঞতা থেকে সর্বদা শিক্ষা গ্রহণের চেষ্টা করিব। আমি কখনো বিশ্বৃত হইবনা যে, চিকিৎসা বিজ্ঞানের শিক্ষা আমার শুভাকাঙ্ক্ষী ও অন্যদের কল্যাণে আমার উপর অর্পিত এক বিশেষ সুযোগ।

আজ আমাদের সারা জীবনের শিক্ষার প্রথম পদক্ষেপ। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ইসলামী ব্যাংক মেডিকেল কলেজে চিকিৎসা বিদ্যার কলা ও বিজ্ঞান অধ্যয়নের সমৃদ্ধ ঐতিহ্যের প্রতি আমি শ্রদ্ধাশীল থাকিব।

আমি ..... আজ পহেলা আগস্ট  
২০২১খ্রি. চিকিৎসা শাস্ত্রে আমার ভবিষ্যৎ সহকর্মীদের সম্মুখে দৃঢ়তার সহিত ঘোষণা করিতেছি যে, আমি এই অঙ্গীকারের প্রতিবিশ্বস্ত থাকিব।